# কক্সবাজারে ফেরার পথে দুর্ঘটনায় ফুটবলার ওজিলের গাড়িবহর



সংগৃহীত ছবি

রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন শেষে কক্সবাজার থেকে ফেরার পথে সড়ক দুর্ঘটনায় পড়েছে জার্মানির বিশ্বকাপজয়ী তারকা Mesut Özil–এর গাড়িবহর। বহরের একটি গাড়ির সঙ্গে ব্যাটারিচালিত অটোরিকশার সংঘর্ষে অটোরিকশাটি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং চালক আহত হন।

বৃহস্পতিবার সন্ধ্যা প্রায় পৌনে ৭টার দিকে কক্সবাজার-টেকনাফ মহাসড়কের উখিয়ার কুতুপালং এলাকায় এ ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে আহত চালকের পরিচয় জানা যায়নি।

উখিয়া শাহপরী দ্বীপ হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম জানান, রোহিঙ্গা ক্যাম্প থেকে ফেরার সময় ভিআইপি বহরের নিরাপত্তা বলয় ভেঙে হঠাৎ একটি অটোরিকশা প্রবেশ করলে বহরের একটি গাড়ির সঙ্গে তার সংঘর্ষ হয়। দুর্ঘটনার পর অটোরিকশাটি জব্দ করা হয়েছে।

আহত চালককে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে বলে জানান তিনি। পুরো বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

LENS ASIA